রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৫/০২ জুলাই ২০১৮

**নং ০৫.০০.০০০০.১৭০.১১.০০৭.১৮-১৬৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রজাতন্ত্রের কর্মে নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান কোটা পদ্ধতি পর্যালোচনা/সংস্কার/বাতিল করিবার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হইল :

(ক) কমিটি গঠন :

| | |
|---|---|
| ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - আহ্বায়ক |
| ২। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | - সদস্য |
| ৩। সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| ৪। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| ৫। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য |
| ৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় | - সদস্য |
| ৭। ভারপ্রাপ্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | -সদস্য |

(খ) কমিটির কার্যপরিধি :

১। বিদ্যমান কোটা পদ্ধতি পর্যালোচনা/সংস্কার/বাতিলের বিভিন্ন দিক পর্যালোচনা;

২। বিদ্যমান কোটা পদ্ধতি সংস্কার/বাতিলের প্রয়োজন হলে বাতিল/সংস্কারের যৌক্তিকতাসহ সুপারিশ প্রণয়ন।



মূল্য : টাকা ৪.০০

(গ) কমিটি ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে সরকারের নিকট সুপারিশসহ প্রতিবেদন পেশ করিবে।

(ঘ) অতিরিক্ত সচিব (বিধি), জনপ্রশাসন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(ঙ) কমিটি প্রয়োজনে যে কোন বিশেষজ্ঞ ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd